ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক সংবাদপত্র



# রোজদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে



ROSEDIN ● Vol. - 1 ● Issue - 35 ● Prgi No. : WBBEN/25/A1189 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : www.rosedin.in

ই-পেপার ● বর্ষ ঃ ৫ ● সংখ্যা ঃ ১৯১ ● কলকাতা ● ৩০ আষাঢ়, ১৪৩২ ● মঙ্গলবার ● ১৫ জুলাই ২০২৫ ● পৃষ্ঠা - ৮ ● মূল্য - ৫ টাকা

## "অনুরোধ"-সদ্গুরু শ্রী শিবকৃপানন্দ স্বামীজীর আধ্যাত্মিক প্রবাসের স্বলিখিত বর্ণনা

**স্টাফ রিপোর্টার, রোজদিন**

সদ্গুরু শ্রী শিবকৃপানন্দ স্বামীজীর আধ্যাত্মিক প্রবাসের স্বলিখিত বর্ণনা হল এই 'হিমালয়ের সমর্পণ যোগ'। এটা কোন সামান্য গ্রন্থ নয়, বরং সজীব অনুভূতি করানোর সজীব ও পবিত্র গ্রন্থ। এই গ্রন্থ থেকে আগত অনেক প্রজন্ম ঐ সজীব অনুভূতিকে খুব সহজে প্রাপ্ত করতে পারবে যে সজীব অনুভূতি প্রাপ্ত করার জন্য পূজ্য স্বামীজী অনেক বৎসর কঠোর সাধনা করেছেন।

এই গ্রন্থের মাধ্যমে পূজ্য স্বামীজীর গুরুজনদের শক্তি সহজেই প্রবাহিত হয়ে যায়। অতএব পাঠকদের কাছে সপ্রেম নিবেদন এই যে তাঁরা যেন এই গ্রন্থের পঠন যোগ্য ভাবনার সঙ্গে করেন এবং এই গ্রন্থের গরিমা বানিয়ে রাখেন।

জয় বাবা স্বামী!

আপনাদের গুরুমা

# নবান্ন অভিযানে দফায় দফায় উত্তেজনা



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

যোগ্য' চাকরিহারাদের নবান্ন অভিযান ঘিরে দফায় দফায় উত্তেজনা। মল্লিক ফটকে আটকাল মিছিল। বারবার মাইকে নিয়ম না ভাঙার ঘোষণা করছেন পুলিশকর্মীরা। তা সত্ত্বেও ব্যারিকেড ভেঙে এগনোর চেষ্টা করছেন মিছিলকারীরা। তার ফলে পুলিশের সঙ্গে বচসায় জড়ান চাকরিহারারা।প্রসঙ্গত, সুপ্রিম কোর্টের নির্দেশে রাজ্যের প্রায় ২৬ হাজার শিক্ষক ও শিক্ষাকর্মীর চাকরি যায়। নতুন করে পরীক্ষা নিতে হবে বলেও সর্বোচ্চ আদালত জানিয়ে দেয়। সেজন্য সময়সীমাও বেঁধে দেওয়া হয়েছিল। সেই নির্দেশ মেনে কমিশনের তরফে মে মাসের শেষে বিজ্ঞপ্তি প্রকাশিত হয়। সুপ্রিম নির্দেশ মেনে সেই বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়নি, এই অভিযোগে কলকাতা হাই কোর্টে আবার মামলা দায়ের হয়। কোনওভাবেই 'অযোগ্য' চাকরিহারাদের পরীক্ষায় বসতে দেওয়া যাবে না বলেই জানিয়ে দেয় হাই কোর্ট। সিঙ্গল বেঞ্চের এই নির্দেশকে চ্যালেঞ্জ করে ডিভিশন বেঞ্চে যায় এসএসসি ও রাজ্য। তবে সেই একই রায়

এরপর ৩ পাতায়






# জল্পনার অবসান?
# সোমবার দিলীপের কাছে পৌঁছে গেল আমন্ত্রণপত্র

নয়াদিল্লি, ১৪ জুলাই, ২০২৫

অবশেষে সব জল্পনার অবসান। আগামী ১৮ জুলাই দুর্গাপুরে মোদির সভায় আমন্ত্রণ পেলেন একসময়ের দাপুটে বিজেপি নেতা দিলীপ ঘোষ। দুর্গাপুরের সভাতে দিলীপের থাকার আভাস আগেই দিয়েছিলেন রাজ্য বিজেপির নয়া সভাপতি শমীক ভট্টাচার্য।

এরই মধ্যে সোমবার দিলীপের কাছে পৌঁছে গেল আমন্ত্রণপত্র। অর্থাৎ বঙ্গ বিজেপিতে শমীক যুগ শুরু হতেই দিলীপের সঙ্গে পদ্ম শিবিরের দূরত্ব কমছে বলেই মনে করা হচ্ছে। জানা গিয়েছে, ১৭ তারিখ রাতেই দুর্গাপুরে পৌঁছে যাবেন দিলীপ।

দিল্লিতে মিটিং:

দিল্লিতে ইতিমধ্যেই কেন্দ্রীয় নেতৃত্বের সাথে কথা বলে এসেছেন দিলীপ ঘোষ



প্রধানমন্ত্রীর আলিপুর দুয়ারে সভায় ও অমিত শাহ এর নেতাজি ইনডোর এর সভায় উপস্থিত ছিলেন না তিনি।

অবশেষে দুর্গাপুরের সভায় থাকবেন দিলীপ ঘোষ সূত্র এর খবর:-

সস্ত্রীক দিলীপ ঘোষ:- দীঘায় জগন্নাথ মন্দিরে উদ্বোধনের দিন রাজ্য সরকারের আমন্ত্রণে সস্ত্রীক সেখানে গিয়েছিলেন বঙ্গ বিজেপির এই দাপুটে নেতা। সৌজন্যতা রক্ষা করতে গিয়ে রাজ্য নেতৃত্বের অনেকের চক্ষুশূল হয়েছিলেন তিনি। এরই মধ্যে একের পর এক সভা-সমিতিতে দিলীপের অনুপস্থিতিতে মনে করা হচ্ছিল বিজেপির সঙ্গে দূরত্ব বেড়েছে একসময়ের দাবাং নেতার। মাঝখানে তাঁর তৃণমূলে যোগ দেওয়ার সম্ভবনা নিয়েও কানাঘুঁসো শোনা গিয়েছিল। দিলীপকেও এনিয়ে একাধিকবার প্রশ্ন করা হলে তিনিও জল্পনা উস্কে রেখেছিলেন। এমকী 'জলও নেই, পোনাও নেই' বলে বঙ্গ রাজনীতিতে 'জল্পনা'র নয়া সংজ্ঞা দিয়েছিলেন তিনি।

সাংগঠনিক রদবদল:- এরই মধ্যে পদ্ম শিবিরে সাংগঠনিক রদবদল হয়। সভাপতি পদে নির্বাচিত হন শমীক। যদিও নির্বাচন প্রক্রিয়ায় গড়হাজির ছিলেন প্রাক্তন বিজেপির রাজ্য সভাপতি দিলীপ। এমনকী সংবর্ধনা সভাতেও ডাক পাননি তিনি। তবে দিলীপের মুখে শমীকের প্রশংসা শোনা গিয়েছিল। তারপরেই বর্তমান সভাপতির সঙ্গে দেখা করতে সল্টলেকের অফিসে যান প্রাক্তন সভাপতি। সেই সাক্ষাতের পরই সস্ত্রীক দিলীপের দিল্লি সফরের পর মনে করা হয়েছিল ফের স্বমহিমায় ধরা দিতে চলেছেন একসময়ের দাবাং পদ্ম নেতা।

## জোর করে বেআইনি ভাবে নয়নজুলি দখল করে বাড়ি বানানোর অভিযোগ কাকদ্বীপে

সানওয়ার হোসেন, কাকদ্বীপ

কাকদ্বীপ ব্লকের সানকিবেড়িয়া মৌজার বিস্তীর্ণ জমি যা সরকারি নথিতে নয়নজুলি বলে চিহ্নত - তা এক শ্রেণীর অসাধু চক্রে আত্মসাৎ করে নিচ্ছে। এই বিষয়ে একাধিকবার অভিযোগ জানিয়েও সরকারের তরফ থেকে কোনো উত্তর পাওয়া যায় নি। এদিকে সমস্ত সরকারি খাল মানুষে অবৈধভাবে নিজেদের করে নিচ্ছে। এই বিষয়ে জনৈক ওমর ফারুক মোল্লা সকলের দৃষ্টি আকর্ষণ করে সংশ্লিষ্ট দপ্তরে আবার লিখিত আবেদন করেছেন।

তিনি জানান, কিছু সরকারি আধিকারিকের সহযোগিতায় এই কাজ দীর্ঘদিন ধরে হয়ে চলেছে। এই অবৈধ কাজের জন্য সামনে এসেছে ভূমি সংস্কার আধিকারিক আব্দুস সালাম মোল্লার নাম। এর আগেও এই বিষয়ে বিডিও অফিসে মিটিং হলেও কোনো সমাধান হয় নি। তাই এই মুহূর্তে অভিযোগকারী ওমর ফারুক মোল্লা আবার লিখিত আবেদন করেছেন, দ্রুত এই জবরদখল তুলে দেওয়ার জন্য।

অভিযোগ, কাকদ্বীপ ভূমি দপ্তরে তিন বছরে ৪ বার (RTI) সরকারি আইন অনুযায়ী তথ্য জানতে চেয়েছেন। কিন্তু কোন প্রতিক্রিয়া মেলেনি। এই নয়নজুলি দখলের ফলে জল নিকাশির ব্যাঘাত ঘটছে। প্রশাসনকে দৃষ্টি আকর্ষণ করেও কোন ফল হচ্ছে না। অভিযোগকারী জানান, সরকারি দপ্তরে একাধিকবার জানিয়েও ব্যর্থ হয়েছি এবার আদালতে দারস্ত হব। এই চক্রের সাথে সরকারি আধিকারিক সহ যারা যারা জড়িত আছে তাদেরকে দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানিয়েছেন স্থানীয়রা।







(১ম পাতার পর)

# নবান্ন অভিযানে দফায় দফায় উত্তেজনা

বহাল রয়েছে। ধস্তাধস্তিতেও জড়িয়ে পড়েন তাঁরা। অবশেষে মিলল ছাড়পত্র। মুখ্যসচিবের সঙ্গে কথা বলবেন ১৮ জন 'যোগ্য' শিক্ষক এবং ২ জন 'যোগ্য' অশিক্ষক কর্মী-সহ ২০ জন। এখনও পর্যন্ত পাওয়া খবর অনুযায়ী, শিবপুরে হাওড়া পুলিশ লাইনে হতে পারে বৈঠক।

তাঁদের দাবি, সুপ্রিম কোর্টে দেওয়া হোক যোগ্যদের তালিকা, বাকিদের পরীক্ষা নেওয়া হোক। আর সেই দাবির কথা জানাতে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের সঙ্গে দেখা করতে চান তাঁরা। সে কারণেই নবান্ন অভিযানের ডাক দেন 'যোগ্য' চাকরিহারারা। সে কারণে নবান্ন অভিযানের ডাক। এভাবে মুখ্যমন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ সম্ভব নয়, তা আগেই জানিয়ে দেওয়া হয়। তবে মুখ্যমন্ত্রীর সাক্ষাৎ পেতে মরিয়া 'যোগ্য' চাকরিহারা।

নবান্ন অভিযান ঘিরে অশান্তির আশঙ্কা ছিল আগে। সে কারণে নিরাপত্তা আঁটসাঁট করা হয়। জিটি রোডের বঙ্গবাসী মোড়, ফরশোর রোডের রামকৃষ্ণপুর ঘাট গেট, কাজিপাড়া মোড় ও সাঁতরাগাছি মোড়ে ব্যারিকেড বসানো হয়। এছাড়া নবান্ন সংলগ্ন শিবপুর, মন্দিরতলা, বেলেপোল এলাকাতেও ছোট গার্ডরেল বসানো হয়। মূল চার পয়েন্টে ২৫টি করে হাই রেজোলিউশনের ক্যামেরা বসানো হয়। প্রতিটি পয়েন্টে মোতায়েন রয়েছে র‍্যাফ। দু'টি জলকামান প্রস্তুত রাখা হয়েছে। সিসি ক্যামেরার মাধ্যমে দিনভর কন্ট্রোলরুমে বসে নজরদারি করছেন পুলিশকর্মীরা। বিভিন্ন কমিশনারেট থেকে বাড়তি দু'হাজার পুলিশও নিয়ে আসা হয়েছে।

# অসুস্থ সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি গাভাই, ভর্তি দিল্লির হাসপাতালে

**স্টাফ রিপোর্টার, রোজদিন**

**নয়াদিল্লি:** তেলেঙ্গানা সফরে গিয়ে সংক্রমণের শিকার হন, দিল্লির হাসপাতালে ভর্তি সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি বিআর গাভাই। তবে চিকিৎসায় সাড়া দিচ্ছেন তিনি। প্রধান বিচারপতির শারীরিক অবস্থা স্থিতিশীল বলেই জানা গিয়েছে। 'লাইভ ল' সূত্রে জানা গিয়েছে, অসুস্থতার কারণে আজ এবং আগামিকাল শীর্ষ আদালতের কার্যভার থেকে অব্যহতি নিচ্ছেন তিনি।নালসাল আইন বিশ্ববিদ্যালয়ের সমাবর্তনের ভাষণে গাভাই বিচার প্রক্রিয়ার বিলম্ব নিয়ে




সরব হন। তিনি বলেন, "আমাদের দেশ এবং আইনি ব্যবস্থা অনন্য চ্যালেঞ্জের মুখোমুখি হচ্ছে। বিচারে বিলম্ব কখনও কখনও দশকের পর দশক ধরে চলছে। আমরা এমন ঘটনাও দেখেছি যেখানে বিচারাধীন অবস্থায় বছরের পর বছর জেলে থাকার পরও কেউ নির্দোষ প্রমাণিত হয়েছেন। দেশের সেরা প্রতিভারাই এমন সমস্যার সমাধান করতে পারে।"গত ১২ জুলাই তেলেঙ্গানা সফরে হায়দরাবাদের নালসাল আইন বিশ্ববিদ্যালয়ের সমাবর্তনে যোগ দিয়েছিলেন প্রধান বিচারপতি গাভাই। ওই দিন তিনি একাধিক কর্মসূচিতে যোগ দিয়েছিলেন। মনে করা হচ্ছে, সেই সময়েই তিনি রোগে সংক্রামিত হন। যার ফলে তাঁকে হাসপাতালে ভর্তি করা হয়েছে। হাসপাতাল সূত্রে জানা গিয়েছে, দু'-তিন দিনের মধ্যেই দেশের প্রধান বিচারপতিকে হাসপাতাল থেকে ছেড়ে দেওয়া হবে।

# বিশিষ্ট চলচ্চিত্র ব্যক্তিত্ব বি. সরোজা দেবী জি-র প্রয়াণে সমবেদনা জানিয়েছেন প্রধানমন্ত্রী

**স্টাফ রিপোর্টার, রোজদিন**

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী বিশিষ্ট চলচ্চিত্র ব্যক্তিত্ব বি. সরোজা দেবী জি-র প্রয়াণে গভীর শোকপ্রকাশ করেছেন।

শ্রী মোদী বলেছেন যে, তাঁকে সকলে মনে রাখবে ভারতের সিনেমা ও সংস্কৃতির একজন আদর্শ উদাহরণ হিসেবে। তাঁর বৈচিত্র্যময় অভিনয় প্রজন্মের পর প্রজন্মে অনপনেয় দাগ রেখে গেছে। শ্রী মোদী আরও বলেছেন, বিভিন্ন ভাষায় ও বিষয়ে তাঁর



কাজ তাঁর বহুমুখী প্রতিভাকে তুলে ধরেছে।

শ্রী মোদী একটি এক্স পোস্টে বলেছেন; "বিশিষ্ট চলচ্চিত্র ব্যক্তিত্ব বি. সরোজা দেবী জি-র প্রয়াণে দুঃখিত। তাঁকে সকলে মনে রাখবে ভারতের সিনেমা ও সংস্কৃতির একজন আদর্শ উদাহরণ হিসেবে। তাঁর বৈচিত্র্যময় অভিনয় প্রজন্মের পর প্রজন্মে অনপনেয় দাগ রেখে গেছে। শ্রী মোদী আরও বলেছেন, বিভিন্ন ভাষায় ও বিষয়ে তাঁর কাজ তাঁর বহুমুখী প্রতিভাকে তুলে ধরেছে। তাঁর পরিবার ও অনুগামীদের আমার সমবেদনা। ওঁ শান্তি।"

# নতুন দিল্লিতে "ট্রেড ওয়াচ কোয়ার্টারলি"র তৃতীয় সংস্করণ প্রকাশ করল নীতি আয়োগ

**স্টাফ রিপোর্টার, রোজদিন**

নতুন দিল্লিতে আজ ২০২৫ অর্থবর্ষে তৃতীয় ত্রৈমাসিক (অক্টোবর – ডিসেম্বর) – এর ট্রেড ওয়াচ কোয়ার্টারলির সংস্করণটি প্রকাশ করলেন নীতি আয়োগের সদস্য ডঃ অরবিন্দ ভীরমানি।

ঐ ত্রৈমাসিকে বাণিজ্য ক্ষেত্রে ভারতের অবস্থান এবং মার্কিন যুক্তরাষ্ট্রের সাম্প্রতিক শুল্ক কাঠামোয় পরিবর্তনের প্রেক্ষিতে আন্তর্জাতিক বাণিজ্যে ও ভারতের রপ্তানী ক্ষেত্রে তার প্রভাব নিয়ে আলোচনা রয়েছে।

অক্টোবর – ডিসেম্বর, ২০২৪ ত্রৈমাসিকে ভূ-রাজনৈতিক অস্থিরতা সত্ত্বেও আন্তর্জাতিক বাণিজ্যে ভারতের অবস্থান মোটামুটি সুস্থিত ছিল। ঐ সময়ে রপ্তানী বৃদ্ধির হার দাঁড়িয়েছে ৩ শতাংশে (পৌঁছেছে ১০৮.৭ বিলিয়ণ ডলারে)। আমদানী বেড়েছে ৬.৫ শতাংশ (দাঁড়িয়েছে ১৮৭.৫ বিলিয়ন ডলার)। পরিষেবা ক্ষেত্রে রপ্তানী বেড়েছে ১৭ শতাংশ। এই ক্ষেত্রে ঘাটতি মুছে গিয়ে উদ্বৃত্তের পরিমাণ দাঁড়িয়েছে ৫২.৩ বিলিয়ন ডলার। রপ্তানী পণ্যের বিন্যাস মোটামুটি অপরিবর্তিত রয়েছে। তবে, এই পণ্যগুলির তালিকায় প্রথম দশের মধ্যে জায়গা করে নিয়েছে বিমান ও মহাকাশযান। এইসব পণ্যের ক্ষেত্রে বছর – বছর ভিত্তিতে রপ্তানী ২০০ শতাংশ বেড়েছে। প্রতিবেদনটিতে আরও বলা হয়েছে যে, ভারত রপ্তানীকারক দেশগুলির তালিকায় পঞ্চম স্থানে এসেছে। ২০২৪ – এ ডিজিটাল মাধ্যমে প্রেরিত পরিষেবা রপ্তানীর পরিমাণ দাঁড়ায় ২৬৯ বিলিয়ন ডলার। অত্যাধুনিক প্রযুক্তি সরঞ্জাম রপ্তানীর পরিমাণও ২০১৪'র পর বেড়ে চলেছে। এক্ষেত্রে সর্বাগ্রে রয়েছে বৈদ্যুতিক যন্ত্রপাতি এবং অস্ত্রশস্ত্র/গোলাবারুদ – বার্ষিক যৌগিক বৃদ্ধির হার ১০.৬ শতাংশ।

মার্কিন যুক্তরাষ্ট্রের বিবর্তনশীল শুল্ক কাঠামোর প্রেক্ষিতে ভারতের রপ্তানীর অভিমুখ প্রসঙ্গে বলা

এরপর ৬ পাতায়

## সম্পাদকীয়

### মুখ্যসচিবের সঙ্গে বৈঠকের পরও দাবিতে অনড় চাকরিহারারা

মুখ্যসচিব মনোজ পন্থের সঙ্গে বৈঠকেও মিলল না রফাসূত্র। এখনও নিজেদের দাবিতে অনড় চাকরিহারারা। মেহবুব মণ্ডল, চিন্ময় মণ্ডল-সহ আন্দোলনকারী চাকরিহারাদের দাবি, রাতের মধ্যে যোগ্য-অযোগ্যদের তালিকা প্রকাশ করতেই হবে। তাঁদের প্রশ্ন, 'তালিকা প্রকাশের নির্দেশ যেমন দেওয়া হয়নি।প্রসঙ্গত, সুপ্রিম কোর্টের নির্দেশে রাজ্যের প্রায় ২৬ হাজার শিক্ষক ও শিক্ষাকর্মীর চাকরি যায়। নতুন করে পরীক্ষা নিতে হবে বলেও সর্বোচ্চ আদালত জানিয়ে দেয়। সেজন্য সময়সীমাও বেঁধে দেওয়া হয়েছিল। সেই নির্দেশ মেনে কমিশনের তরফে মে মাসের শেষে বিজ্ঞপ্তি প্রকাশিত হয়। কিন্তু 'যোগ্য' চাকরিহারাদের একাংশ নতুন করে পরীক্ষা দিতে রাজি নন।তেমনই প্রকাশে নিষেধাজ্ঞাও নেই। তাহলে কেন তালিকা তৈরি থাকা সত্ত্বেও দেওয়া হচ্ছে না?"

সুপ্রিম কোর্টে দেওয়া হোক যোগ্যদের তালিকা, বাকিদের পরীক্ষা নেওয়া হোক। এই দাবির কথা জানাতে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের সঙ্গে দেখা করতে চেয়েছিলেন 'যোগ্য' চাকরিহারাদের একাংশ। সে কারণেই সোমবার নবান্ন অভিযানের ডাক দেন তাঁরা। কিন্তু মাঝপথে বাধা দেওয়া হয় তাঁদের। পরবর্তীতে ২০ জন প্রতিনিধির সঙ্গে বৈঠকে বসেন মুখ্যসচিব, ছিলেন কমিশনার-সহ অন্যান্য আধিকারিকরা। মিটিং শুরুর ১০ মিনিটের মধ্যেই বেরিয়ে যান মুখ্যসচিব। এরপরই সাংবাদিকদের মুখোমুখি হন চাকরিহারারা।

'যোগ্য' চাকরিহারাদের কথায়, "মুখ্যসচিব আমাদের কথা শুনেছেন। নোট করেছেন। কিন্তু আমরা তো বরাবর যোগ্য-অযোগ্যদের তালিকা চেয়েছি। শিক্ষমন্ত্রী-মুখ্যমন্ত্রী সকলেই জানিয়েছেন তালিকা তৈরি। কিন্তু সুপ্রিম নির্দেশ নেই, এই যুক্তি দেখিয়ে তালিকা প্রকাশ করা হয়নি।" এরপরই তাঁরা বলেন, তালিকা প্রকাশে তো সুপ্রিম কোর্টের নিষেধাজ্ঞাও নেই। তাহলে কেন দেওয়া হবে না? চাকরিহারাদের সাফ দাবি, সোমবার রাতেই যোগ্য-অযোগ্যদের তালিকা প্রকাশ করতে হবে। যত রাতই হোক, তালিকা প্রকাশ্যে না এলে বৃহত্তর আন্দোলনের ডাক দিয়েছেন তাঁরা।

## মাতৃ স্বপ্নাদেশে তৈরি হয়েছিল আদ্যাপীঠ



মৃত্যুঞ্জয় সরদার
(তৃতীয় পর্ব)



আদ্যাস্তোত্র পাঠ করে তাহলে আমি বিশেষ আনন্দিত হই। এরপর মা আদ্যাস্তোত্র বলেন, আর অন্নদা ঠাকুর লিখে যান। সেই স্তোত্রই এখন আদ্যাপীঠে পাঠ হয়।

এই ঘটনার চার বছর পর ১৯১৮ সালে ঝুলন পূর্ণিমার রাতে রামকৃষ্ণদেব অন্নদা ঠাকুরকে হৃষিকেষ যেতে বলেন। সেখানে মন্দির তৈরির আদেশ দেন তিনি। রামকৃষ্ণদেব বলেছিলেন সৃষ্টির পর পৃথিবীর বুকে এমন মন্দির হতে চলেছে যেখানে ঈশ্বরের প্রকট আবির্ভাব ঘটবে। তার মাহাত্ম্য এতটাই হবে যে মন্দির স্পর্শ করলেই ভক্তদের উদ্ধার মিলবে।

রামকৃষ্ণ পরমহংসের শিষ্য অন্নদা ঠাকুরের হাত ধরেই দক্ষিণেশ্বরের অদূরেই তৈরি হয় এই আদ্যাপীঠ। কোনও শাক্ত পীঠ নয়। আদ্যাশক্তি মহামায়ার বিগ্রহেই ফুল-চন্দন পড়ে নিয়মিত। ভোগও হয়। তবে অন্য দিনের থেকে একটু আলাদা আয়োজন কালীপুজোর দিন। সেদিন মহাপুজোর আয়োজন হয় আদ্যা মন্দিরে। কার্তিক অমাবস্যার আঁধার

ক্রমশঃ

(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)

## কোল ইন্ডিয়ার সম্পূর্ণ মহিলা পরিচালিত ডিসপেনসারির উদ্বোধন হয়েছে এসইসিএল-এ

**নতুন দিল্লি, ১৪ জুলাই, ২০২৫**

মহিলাদের ক্ষমতায়নে শক্তিশালী পদক্ষেপ নিয়ে বিলাসপুরের এসইসিএল সদর দপ্তরে বসন্তবিহার ডিসপেনসারিটির আজ আনুষ্ঠানিক উদ্বোধন হল কোল ইন্ডিয়ার সম্পূর্ণ মহিলাদের দ্বারা পরিচালিত প্রথম ডিসপেনসারি হিসেবে।

এসইসিএল-এর চেয়ারম্যান কাম ম্যানেজিং ডিরেক্টর শ্রী হরিশ দুহান ডিসপেনসারিটির উদ্বোধন করেন। উপস্থিত ছিলেন বিশিষ্ট আধিকারিকরা।

এই উদ্যোগ কয়লা ক্ষেত্রে মহিলাদের নেতৃত্বদানের ক্ষমতাকে তুলে ধরতে একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ। এখন থেকে এই ডিসপেনসারিটি পুরোপুরি চালাবে ১৪ জন মহিলার একটি দল, যার মধ্যে চিকিৎসক, নার্স, ফার্মাসিস্ট এবং সহায়ক কর্মীরা থাকবেন।

অনুষ্ঠানে সিএমডি-র শ্রী হরিশ দুহান বলেন, এসইসিএল-এ কোল ইন্ডিয়ার প্রথম সম্পূর্ণ মহিলাদের দ্বারা পরিচালিত ডিসপেনসারির উদ্বোধন একটি অতি গর্বের বিষয়। কয়লা মন্ত্রী শ্রী জি কিষান রেড্ডি চান কয়লা ক্ষেত্রে আরও বেশি করে মহিলাদের অংশগ্রহণ এবং তাঁদের নেতৃত্বদানের সুযোগ করে দেওয়া। এই উদ্যোগ সেই লক্ষ্যে একটি পদক্ষেপ এবং আমরা ভবিষ্যতে এই ধরনের আরও পদক্ষেপ নিতে বদ্ধপরিকর।

এই ডিসপেনসারিতে ওপিডি পরিষেবা, ক্যাজুয়ালটি ও এমার্জেন্সি পরিষেবার মতো চিকিৎসা পরিষেবা পাওয়া যাবে, থাকবে ড্রেসিং ও ইনজেকশনের ঘর। ইসিজি-র সুবিধার পাশাপাশি থাকবে প্যাথলজি পরীক্ষার জন্য রক্ত সংগ্রহ করার কেন্দ্র এবং ওষুধ বিলির ফার্মেসি।

এই উদ্যোগে শুধু যে চিকিৎসা পরিষেবার গুণমান ও সংবেদনশীলতা বাড়বে বলে আশা করা হচ্ছে তাই নয়, এটি মহিলাদের নেতৃত্ব দেবার ক্ষমতা প্রদর্শনের একটি অগ্রবর্তী মঞ্চ হিসেবেও কাজ করবে।

## বাংলা হচ্ছে মাতৃ শক্তি উপাসনার সেরা ভূমি



-: মৃত্যুঞ্জয় সরদার :-

কৃষ্ণচন্দ্র এঁর পৃষ্ঠপোষক ছিলেন।

কৃষ্ণচন্দ্র কর্তৃক দীপান্বিতা কালীপুজো প্রচলনের কথা, এবং এই কাশীনাথের পূর্বে দীপান্বিতা কালীপুজো না থাকার কথা শশিভূষণ দাশগুপ্তও লিখেছেন (৭৫)।

ক্রমশঃ

· সতর্কীকরণ ·

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# জুলাইয়ে টানা বৃষ্টির জেরে নদিয়া জেলার শহরের গ্রামের রাস্তা জলমগ্ন, ক্ষতির মুখে ব্যবসায়ী থেকে চাষী

**অভিজিৎ সাহা, নদিয়া**

আবহাওয়ার খামখেয়ালীপনায় ক্ষতির মুখে পড়তে হচ্ছে নদীয়ার সাধারণ মানুষ ব্যবসায়ী থেকে চাষীদের। লাগাতার বৃষ্টি মাঝে দুদিনের চড়া রোদের পর ফের রবিবার বিকেল থেকে বৃষ্টি শুরু হয়েছে। রবিবার বিকেল এবং সোমবার সকাল থেকেই শুরু হয় দফায় দফায় প্রবল বৃষ্টিপাত,আর এই প্রবল বৃষ্টিপাতের জেরে নবদ্বীপ শহরের ব্যস্ততম এলাকা রাধাবাজার,রাম সীতা পাড়া থেকে পাঁচ মাথা মোড়, বুড়ো শিব তলা রোড সহ বেশ কিছু এলাকা জলমগ্ন হয়ে পড়ে এবং সমস্যায় পড়েন বিভিন্ন প্রকার যানবাহন থেকে পথ চলতি সাধারণ মানুষ। নবদ্বীপ শহরের অন্যতম ব্যস্ততম এলাকা রাধাবাজার পার্ক এলাকা জলমগ্ন হওয়ায় বহু ব্যবসায়ীরা তাদের দোকান খুলতে পারেননি। এবিষয়ে স্থানীয় ১৫ নম্বর ওয়ার্ডের জনপ্রতিনিধি নির্মল কান্তি দেব বলেন,প্রতিদিন সকাল থেকেই প্রচন্ড বৃষ্টি শুরু হওয়ায় বৃষ্টির জলে জলমগ্ন হয়েছে ১৫ নং ওয়ার্ডের রাধাবাজার,স্মৃতি কণ্ঠ বাচস্পতি রোড,নেতাজি সুভাষ রোড ও তুড়োপাড়া সহ বেশ কিছু অঞ্চল,তিনি জানান নবদ্বীপ পৌরসভার পক্ষ থেকে নিকাশি ব্যবস্থাকে জোরদার করার পাশাপাশি সম্প্রতিবিভিন্ন এলাকায় প্রতিটি নর্দমা থেকে ময়লা পরিষ্কার করা শুরু হয়েছে,তারপরও এভাবে একের পর এক এলাকা জলমগ্ন হওয়ায় এর জন্য নবদ্বীপের ভৌগলিক কারণকেই দায়ী করেন নির্মল কান্তি দেব। যে কারনে শুধু বর্ষাকালই নয় বছরের অন্যসময় ও বৃষ্টি হলেই শহরের বিভিন্ন প্রান্তের জল এসে পড়ে এই রাধাবাজার এলাকায়,ফলে সমস্যায় পড়েন এলাকায় বসবাসকারী সাধারণ মানুষের পাশাপাশি অসংখ্য ছোট বড় ব্যবসায়ী থেকে পথ চলতি সাধারণ মানুষ ও বিভিন্ন প্রকার যানবাহন চালকেরা।



দফায় বৃষ্টির জেরে কৃষ্ণনগর কলেজ স্ট্রিট রোড জলে জলাকার। কৃষ্ণনগর শহরের নিচু এলাকার বের না হওয়ার পরে লাগাতার বৃষ্টির ফলে সর্বোত্তই জল জমে রয়েছে।

পাট চাষী থেকে সবজি চাষীদের। নদীয়ার দক্ষিণ বিস্তীর্ণ অংশ জুড়ে মানুষ কৃষিজীবী। রানাঘাটে এক ও দুই শান্তিপুর হাঁসখালি হরিণঘাটা চাকদহ সহ সমস্ত এলাকার মানুষই কৃষিজীবী। সবজির জমিতে জল জমে থাকার ফলে সবজিতে পচন ধরা শুরু করেছে। যার ফলে আকাশছোঁয়া দাম দিয়ে সবজি কিনতে হচ্ছে। কৃষ্ণনগর উত্তরের ভীমপুর আসাননগর, ঝাউতলা, ভাতজাংলা, দইয়ের বাজার গোবরাপোতা, করিমপুর, তেহট্ট,বেতাই প্রভৃতি এলাকা এক প্রকার কৃষি প্রধান এলাকা। স্বরুপগঞ্জ ঘাট রোডের শ্যামপুর বাজারের শ্যামল কর্মকার রজনীগন্ধা ফুল বিক্রেতা জানান এই বৃষ্টির জন্য ফুল পচে যাচ্ছে যার ফলে ফুলের চাহিদা থাকলেও অনেক দাম দিয়ে কিনতে হচ্ছে। ধান, পাট, ফুল সবজি প্রায় সমস্ত কিছুই চাষ এখানে হয়। জুলাই মাসব্যাপী টানা বৃষ্টির ফলে সমস্ত নিচু জমিতে জল দাঁড়িয়ে আছে। একটু রোদ হতেই গোড়ায় পচন লেগে যাচ্ছে।

নবদ্বীপ ব্লকের বামনপুকুর দু'নম্বর পঞ্চায়েতের ইদ্রাকপুর, বাবলারি, মহিশুরা পঞ্চায়েত, ফকির ডাঙ্গা ঘোলা পাড়া সমস্ত এলাকায় কৃষি জমিতে জল জমে আছে। একটানা লাগাতার বৃষ্টির কারণে বন্যার আশঙ্কাও করা হচ্ছে।

নদীয়া জেলার কৃষি অধিকর্তা জয়দীপ মুখার্জি বলেন এই বছর অতিরিক্ত বৃষ্টির কারণে জলের সংকট তৈরি হচ্ছে না।পাট চাষীদের পক্ষে উপযুক্ত ফলে পাট পচাতে সুবিধা হচ্ছে। যে সমস্ত চাষিরা শস্য বীমা করেছেন শস্যের ক্ষতি হলে পরে অবশ্যই ক্ষতিপূরণ পাবেন।

টানা বৃষ্টিতে নদীয়ার বিভিন্ন এলাকায় রাস্তার বেহাল দশা। রানাঘাটের হবিবপুরের বলাগড় রোড থেকে আনুলিয়ার জগপুর রোড পর্যন্ত প্রায় তিন কিলোমিটার রাস্তার বেহাল দশা। সারা নদীয়া জেলা জুড়েই ছোট বড় রাস্তা এই বর্ষায় বেহাল অবস্থা হয়েছে। মানুষের চলাচলের খুবই অসুবিধা। সমস্ত এলাকার মানুষদের বক্তব্য বড় বড় খানাখন্দ গুলো ইট ফেলে অন্তত চলাচলের উপযোগী করা হলে এই বর্ষায় মানুষের যাতায়াতের অসুবিধায় পড়তে হবে না।

এরপর ৬ পাতায়


## আপাতকালীন পরিষেবা তালিকাসূচী

**Emergency Contacts**
Ambulance - 102
Ambulance (Bandhumahal Club) - 9735697689
Child Line - 112
Canning PS - 03218-255221
FIRE - 9064495235

**Contacts of Hospital, Nursing Home & Doctors**
Canning S.D Hospital - 03218-255352
Dipanjan Nursing Home - 03218-255691
Green View Nursing Home - 03218-255550
A.K.Moolal Nursing Home - 03218-315247
Binapani Nursing Home - 9732545652
Nazat Nursing Home, Taldi - 9143032199
Welcome Nursing Home - 9733593488
Dr. Bikash Sapui - 03218-255269
Dr. Biren Mondal - 03218-255247
Dr Arun Dulal Paul - 03218 - (Cham) 253219
(Re) 255548
Dr. Phani Bhusan Das - 03218 - 255364,
(Cham) 255264
Dr. A.K. Bhartacherjee - 03218-255518
Dr. Lokenath Sa - 03218-255660

**Administrative Contacts**
SP Office - 033-24330010
SDO Office - 03218-255340
SDPO Office - 03218-285398
BDO Office - 03218-255205

**Contacts of Railway Stations & Banks**
Canning Railway Station - 03218-255275
SBI (Canning Town) - 03218-255216,255218
PNB (Canning Town) - 03218-255231
Mahila Co-operative Bank - 03218-255134
WB State Co-operative - 03218-255239
Bandhan Bank - Mob. No. 7596012991
Axix Bank - 03218-255352
Bank of Boroda, Canning - 03218-257888
ICICI Bank, Canning - 03218-255206
HDFC Bank, Canning Hos. More - 9088107808
Bank of India, Canning - 03218 - 245091

## রাত্রিকালীন ঔষধ পরিষেবার তালিকাসূচী (ক্যানিং)

প্রতি মাসের এই তারিখে এই সমস্ত দোকান খোলা থাকবে

| | | | | | |
|---|---|---|---|---|---|
| 01 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 02 ভারত মেডিকেল হল | 03 সাথী মেডিকেল হল | 04 ভারত মেডিক্যাল হল | 05 ঘোষ মেডিকেল | 06 ঔষধ ঘর |
| 07 আরোগ্য মেডিক্যাল | 08 মেডিকেয়ার ফার্মেসী | 09 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 10 জীবন জ্যোতি ফার্মেসী | 11 সিনহা মেডিকেল হল | 12 গোকুল ফার্মেসী |
| 13 ঔষধ ঘর | 14 সৌভিক ফার্মেসি | 15 নির্মলা মেডিকেল হল | 16 মাতৃ ফার্মেসী | 17 ইউনিক ফার্মেসী | 18 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি |
| 19 ঘোষ মেডিকেল | 20 সৌভিক ফার্মেসি | 21 আরোগ্য মেডিকেল | 22 মেডিকেয়ার ফার্মেসী | 23 শোভা মেডিকেল হল | 24 প্রমিলা মেডিকেল কর্নার |
| 25 সিনহা মেডিকেল হল | 26 ঘোষ মেডিকেল | 27 মাতৃ ফার্মেসী | 28 সৌভিক ফার্মেসি | 29 নির্মলা মেডিকেল হল | 30 মাতৃ ফার্মেসী |




# তরুণীকে উত্যক্ত করার প্রতিবাদে পরিবারের সদস্যদের এলোপাথাড়ি কোপ!

স্টাফ রিপোর্টার, রোজদিন



**জলপাইগুড়ি:** তরুণীকে উত্যক্ত করার প্রতিবাদ করেছিল তাঁর বাড়ির লোকজন। সেই কারণে তাঁর বাড়িতেই হামলার অভিযোগ। বাড়ির ভিতর ঢুকে এলোপাথাড়ি কোপ মারা হল বলে অভিযোগ। ঘটনায় জখম তরুণীর পরিবারের পাঁচজন। চাঞ্চল্যকর ঘটনাটি ঘটেছে জলপাইগুড়ির ধূপগুড়িতে। পুলিশ তদন্ত করতে ঘটনাস্থলে গেলে তাদেরও স্থানীয়দের বিক্ষোভের মুখে পড়তে হয় বলে অভিযোগ।

এদিকে ঘটনার পর থেকে এলাকায় প্রবল উত্তেজনা ছড়িয়ে পড়ে। ধূপগুড়ি থানার পুলিশ তদন্তের জন্য ঘটনাস্থলে যায়। পুলিশকে ঘিরেও বিক্ষোভ চলতে থাকে। খবর পেয়ে বিশাল পুলিশ বাহিনী ঘটনাস্থলে যায়। পরিস্থিতির গুরুত্ব বুঝে এলাকায় যায় জেলা পুলিশ সুপারও। স্থানীয়দের সঙ্গে কথা বলে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনা হয়। তদন্তে নেমে একজনকে গ্রেপ্তার করা হয়েছে। আর কারা জড়িত, তাদের খোঁজ চলছে। ঘটনার পর এলাকা থমথমে। পুলিশ পরিস্থিতির দিকে নজর রেখেছে। ঘটনায় ব্যাপক উত্তেজনা ছড়ায় এলাকায়। পুলিশ অভিযুক্তের খোঁজে তল্লাশি চালাচ্ছে।

জানা গিয়েছে, ধূপগুড়ির পূর্ব মাগুরমারী এলাকায় বাড়ি বছর ২১-এর ওই তরুণীর। অভিযোগ, এলাকার যুবক বিকাশ রায় দীর্ঘদিন ধরে ওই তরুণীকে উত্যক্ত করছিল। সেই কারণে ওই তরুণীর পরিবার প্রতিবাদ জানিয়েছিল। অভিযোগ, রবিবার রাতে ওই তরুণীর বাড়িতে ধারালো অস্ত্র দিয়ে হামলা চালানো হয়। ওই তরুণীর পরিবারের পাঁচজনকে এলোপাথাড়ি কোপ মারা হয় বলে অভিযোগ। ঘটনা জানাজানি হতেই এলাকায় চাঞ্চল্য ছড়ায়। ঘটনার পরেই এলাকা ছেড়ে পালায় অভিযুক্ত। রাতেই জখমদের উদ্ধার করে প্রথমে স্থানীয় হাসপাতালে নিয়ে যাওয়া হয়। জখমদের মধ্যে কয়েকজনের শারীরিক অবস্থা আশঙ্কাজনক হওয়ায় তাঁদের জলপাইগুড়ি জেলা হাসপাতালে রেফার করা হয়। সেখানেই তাঁরা ভর্তি রয়েছেন।

(৩ পাতার পর)

## নতুন দিল্লিতে "ট্রেড ওয়াচ কোয়ার্টারলি"র তৃতীয় সংস্করণ প্রকাশ করল নীতি আয়োগ

হয়েছে, বড় প্রতিযোগী পক্ষগুলির তুলনায় শুল্ক সংক্রান্ত ক্ষেত্রে ভারতের সুবিধাজনক অবস্থান মার্কিন বাজারে ভারতীয় পণ্যের গ্রহণযোগ্যতা বাড়িয়ে তুলবে। ওষুধপত্র, বস্ত্র, বৈদ্যুতিক যন্ত্রপাতি প্রভৃতি পণ্যের ক্ষেত্রে এই বিষয়টি বেশি প্রযোজ্য। বিবর্তনশীল বিশ্ব বাণিজ্য চালচিত্রের সুবিধা নিতে সময়ের দাবি অনুযায়ী নীতি প্রণয়নে তৎপরতা জরুরি।

অনুষ্ঠানে ডঃ ভীরমানি বলেন, মার্কিন যুক্তরাষ্ট্রের বাণিজ্য নীতিতে সাম্প্রতিক পরিবর্তনের প্রেক্ষিতে ভারত উদ্ভাবনা ও কৌশলগত পদক্ষেপকে হাতিয়ার করে আন্তর্জাতিক বাণিজ্যিক কর্মকাণ্ডে নিজের অবস্থান দৃঢ় করতে সক্ষম হবে। এই সংস্করণটি নীতি প্রণেতা, শিল্প মহল এবং শিক্ষা ক্ষেত্রের সঙ্গে যুক্ত গবেষকদের পক্ষে বিশেষ সহায়ক বলে তিনি মন্তব্য করেছেন।

## নাইজেরিয়ার প্রাক্তন রাষ্ট্রপতি মুহাম্মাদু বুহারি-র প্রয়াণে প্রধানমন্ত্রীর শোকপ্রকাশ



স্টাফ রিপোর্টার, রোজদিন

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী নাইজেরিয়ার প্রাক্তন রাষ্ট্রপতি মুহাম্মাদু বুহারি-র প্রয়াণে গভীর শোক ব্যক্ত করেছেন। এই প্রসঙ্গে তিনি বিভিন্ন অনুষ্ঠানে প্রয়াত বুহারির সঙ্গে তাঁর বৈঠক এবং আলাপ-আলোচনার বিষয়টি স্মরণ করেন। প্রধানমন্ত্রী বলেছেন, মুহাম্মাদু বুহারি-র প্রজ্ঞা, উষ্ণ আতিথেয়তা এবং ভারত-নাইজেরিয়ার সৌহার্দ্যপূর্ণ সম্পর্ককে বজায় রাখার ক্ষেত্রে অবিচল অঙ্গীকার চিরস্মরণীয়। তিনি ১৪০ কোটি ভারতবাসীর পক্ষ থেকে প্রাক্তন রাষ্ট্রপতির পরিবার, নাইজেরিয়ার জনসাধারণ এবং সরকারকে সমবেদনা জানান।

সামাজিক মাধ্যম এক্স-এ এক বার্তায় প্রধানমন্ত্রী বলেছেন;

"নাইজেরিয়ার প্রাক্তন রাষ্ট্রপতি মুহাম্মাদু বুহারি-র প্রয়াণে আমি গভীরভাবে শোকাহত। বিভিন্ন অনুষ্ঠানে প্রয়াত বুহারির সঙ্গে আমি বৈঠক এবং আলাপ-আলোচনায় অংশ নিয়েছি। মুহাম্মাদু বুহারি-র প্রজ্ঞা, উষ্ণ আতিথেয়তা এবং ভারত-নাইজেরিয়ার সৌহার্দ্যপূর্ণ সম্পর্ককে বজায় রাখার ক্ষেত্রে অবিচল অঙ্গীকার চিরস্মরণীয়। ১৪০ কোটি ভারতবাসীর পক্ষ থেকে আমি প্রাক্তন রাষ্ট্রপতির পরিবার, নাইজেরিয়ার জনসাধারণ এবং সরকারকে সমবেদনা জানাই।"

(৫ পাতার পর)

## জুলাইয়ে টানা বৃষ্টির জেরে নদিয়া জেলার শহরের গ্রামের রাস্তা জলমগ্ন, ক্ষতির মুখে ব্যবসায়ী থেকে চাষী

লাগাতার বৃষ্টির কারনে নবদ্বীপ শহরের৬, ৭, ওয়ার্ডে প্রাচীনমায়া পুর, প্রতাপ নগর নিচু এলাকার রাস্তা সহ বাড়ির উঠনে জল জমে থাকছে। ২৪নং ওয়ার্ডের কোলের ডাঙ্গা রোডের কুন্ড পাড়া এলাকায় অল্প বৃষ্টিতেই জল জমে থাকার ফলে রাস্তা দিয়ে চলাচলে অসুবিধায় পড়তে হয় সাধারণ মানুষদের। এলাকার কাউন্সিলর পারুল দেবনাথ বলেন কেন্দ্রীয় সরকারের সড়ক রোজগার যোজনার টাকা না এলে সংস্কার করা সম্ভব হবে না, পৌরসভা কে জানানো হয়েছে। পৌরপতি বিমান কৃষ্ণ সাহা বলেন নবদ্বীপের অনেক রাস্তাঘাট খারাপ হয়ে আছে বর্ষায় যাতে মানুষ চলাফেরা করতে পারে তার জন্য ড্রেন থেকে রাস্তা সংস্কার করা হচ্ছে।

# সিনেমার খবর

cinema TV

## ১৫ হাজার কোটির সম্পত্তি হারাচ্ছেন সাইফ আলি খান

**স্টাফ রিপোর্টার, রোজদিন**




চলতি বছর নানা দিক থেকেই কঠিন সময়ের মধ্য দিয়ে যাচ্ছেন বলিউড অভিনেতা সাইফ আলি খান। বছরের শুরুতেই নিজের বাড়িতে হামলার শিকার হওয়ার পর এবার আরও বড় ধাক্কা এল আইনি লড়াইয়ে। প্রায় ১৫ হাজার কোটি টাকার উত্তরাধিকার সূত্রে পাওয়া সম্পত্তি হারাতে চলেছেন তিনি।

ভারতীয় গণমাধ্যমের খবর অনুযায়ী, মধ্যপ্রদেশ হাইকোর্ট সাইফ আলি খানের করা একটি আবেদন খারিজ করে দিয়েছে। এই আবেদনের মাধ্যমে তিনি পতৌদি পরিবারের সম্পত্তিকে 'শত্রু সম্পত্তি' হিসেবে ঘোষণার সিদ্ধান্তের বিরুদ্ধে লড়ছিলেন।

ঘটনার সূত্রপাত ২০১৪ সালে, যখন মধ্যপ্রদেশ সরকার ঘোষণা করে যে, ভোপালের শেষ নবাব হামিদুল্লাহ খানের সম্পত্তি 'এনেমি প্রোপার্টি অ্যাক্ট, ১৯৬৮'-এর আওতায় শত্রু সম্পত্তি হিসেবে বিবেচিত হবে। এর কারণ হিসেবে বলা হয়, নবাবের বড় মেয়ে আবিদা সুলতান ১৯৫০ সালে পাকাপাকি ভাবে পাকিস্তানে চলে যান এবং সেখানেই বসবাস শুরু করেন।

এই সিদ্ধান্তের বিরোধিতা করে ২০১৫ সালে সাইফ আলি খান হাইকোর্টে আবেদন করেন। বেশ কিছু বছর ধরে মামলায় স্থগিতাদেশ থাকলেও, ২০২৪ সালের ১৩ ডিসেম্বর আদালত সেই স্থগিতাদেশ প্রত্যাহার করে নেয়। অবশেষে ২০২৫ সালের জুলাই মাসে বিচারপতিরা সাইফের আবেদন পুরোপুরি খারিজ করে দেন।

ভারত সরকার ১৯৬৮ সালে 'এনেমি প্রোপার্টি অ্যাক্ট' চালু করে, যার আওতায় ভারত-পাকিস্তান বা ভারত-চীন যুদ্ধের সময় শত্রু রাষ্ট্রে পাড়ি দেওয়া বা সেখানকার নাগরিক হয়ে যাওয়া ব্যক্তিদের ভারতে থাকা সম্পত্তিকে 'শত্রু সম্পত্তি' হিসেবে গণ্য করা হয় এবং তা সরকার অধিগ্রহণ করে।

ভোপালের শেষ নবাব হামিদুল্লাহ খানের মেয়ে আবিদা সুলতান পাকিস্তানে চলে যাওয়ায়, সরকার তাদের উত্তরাধিকারী সম্পত্তিকেও এই আইনের আওতায় আনতে চায়। যদিও হামিদুল্লাহ খানের অন্য কন্যা, সাজিদা সুলতান ভারতের নাগরিক ছিলেন এবং সাইফ আলি খানের দাদী ছিলেন। সাজিদার উত্তরসূরি হিসেবে সাইফ ওই সম্পত্তির মালিকানা দাবি করেন।

## ১৭ বছর পর ফের পর্দায় অক্ষয়-সাইফ জুটি

**স্টাফ রিপোর্টার, রোজদিন**



বলিউডের গ্ল্যামারাস জগতে পর্দার জাদুর গল্পগুলো প্রায়শই ক্যামেরার পেছনের উত্তেজনাপূর্ণ মুহূর্তগুলোকে ঢেকে দেয়। কিন্তু মাঝে মাঝেই এমন একটি ঘটনা ঘটে, যা সিনেমার সেটের একটি ভিন্ন দিক প্রকাশ করে। কখনো কখনো তা দুই তারকার কথা কাটাকাটির কথা বলে। এমনই একটি মুহূর্তে দুটি বড় নাম জড়িত ছিল। একজন অমরিশ পুরি এবং আরেকটি কে জানেন?

অনায়াসে কমিক টাইমিং এবং নাচের জন্য পরিচিত তারকা গোবিন্দা শুটিংয়ে দেরিতে পৌঁছনোর জন্যও কুখ্যাত। বিপরীতে ছিলেন অমরিশ পুরি। একজন অভিনেতা যিনি কেবল তার দুর্দান্ত পর্দা উপস্থিতির জন্যই নয়, পর্দার বাইরেও তার সময়ানুবর্তিতা এবং পেশাদারিত্বের জন্যও সম্মানিত ছিলেন।

একদিন একটি সিনেমার শুটিং চলাকালে এই দুই বিপরীতমুখী ব্যক্তিত্বের মধ্যে ঝামেলা হয়, যা ইন্ডাস্ট্রিতে দীর্ঘস্থায়ী আলোচনার বিষয় হয়ে ওঠে।

শোনা যায়, অমরিশ পুরি সকাল ৯টায় শুটিংয়ের জন্য প্রস্তুত হয়ে সেটে এসে পৌঁছেছিলেন। কলাকুশলী এবং অন্যান্য অভিনেতারা অপেক্ষা করেছিলেন, কিন্তু গোবিন্দা ঘণ্টার পর ঘণ্টা পার হয়ে গেলেও আসেননি।

প্রায় ৬টা নাগাদ নয় ঘণ্টার যন্ত্রণাদায়ক অপেক্ষার পর অবশেষে গোবিন্দ হাজির হন। জানা যায়, এই দেরির ফলে দুজনের মধ্যে তীব্র দ্বন্দ্ব শুরু হয়। রেগে গিয়ে আচমকা অমরিশ পুরি সেটে জনসমক্ষে গোবিন্দাকে কষে চড় মেরেছিলেন বলেও জানা যায়।

ঘটনাটি ব্যক্তিগত বিদ্বেষের চেয়ে বরং কাজের প্রতি অমরিশ পুরির কঠোর মনোভাবের কারণেই বেশি ছিল। তিনি সময়ানুবর্তিতা এবং সময়ের প্রতি শ্রদ্ধার মূল্যবোধকে সমুন্নত রেখেছিলেন। গোবিন্দের বারবার বিলম্ব স্পষ্টতই এই প্রবীণ অভিনেতাকে তার সীমার মধ্যে ঠেলে দিয়েছিল।

এই ঝগড়ার ফলে ভারতীয় গণমাধ্যমগুলোর আগ্রহ তৈরি হয়েছিল। বিশেষ করে যেহেতু উভয় অভিনেতাই পরবর্তীতে ইন্ডাস্ট্রিতে কাজ চালিয়ে যান। যদিও গোবিন্দা এই ঘটনায় বিরক্ত হয়েছিলেন এবং এমনকী কিছু সময়ের জন্য আবার অমরিশ পুরির সঙ্গে কাজ করতে দ্বিধাগ্রস্ত ছিলেন। তবুও তারা কখনও তাদের মতপার্থক্য প্রকাশ্যে আনেননি।

## শেফালীর মৃত্যু নিয়ে মন্তব্য করে বিতর্কে জড়ালেন রামদেব



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

বলিউড অভিনেত্রী শেফালী জারিওয়ালার আকস্মিক মৃত্যু প্রসঙ্গে মন্তব্য করে নতুন বিতর্কে জড়িয়েছেন ভারতের আলোচিত যোগগুরু রামদেব। সম্প্রতি এক সাক্ষাৎকারে তিনি বলেন, 'শেফালির হার্ডওয়্যার ভালো ছিল, কিন্তু সফটওয়্যার খারাপ ছিল।' এই মন্তব্যের পর তাকে ঘিরে শুরু হয় সমালোচনার ঝড়।

গত ২৭ জুন হৃদরোগে আক্রান্ত হয়ে মারা যান শেফালী জারিওয়ালা। মৃত্যুর আগে তার রক্তচাপ আশঙ্কাজনকভাবে কমে গিয়েছিল। মৃত্যুর দু'দিন আগেও তিনি এক ফটোশুটে অংশ নিয়েছিলেন এবং সামাজিক মাধ্যমে সেই ছবি প্রকাশ করে ভক্তদের মুগ্ধ করেছিলেন। সুস্থ, প্রাণবন্ত শেফালীর এমন আকস্মিক মৃত্যুর কারণ নিয়ে শুরু হয় নানা আলোচনা। জানা যায়, বয়স ধরে রাখতে শেফালী নিয়মিত 'অ্যান্টি এজিং' চিকিৎসা নিচ্ছিলেন এবং চিকিৎসকের পরামর্শ ছাড়াই কিছু ইনজেকশন ও ওষুধ গ্রহণ করছিলেন।

এই প্রেক্ষাপটে রামদেব মন্তব্য করেন, 'উপসর্গগুলো ঠিকঠাক ছিল, কিন্তু ভেতরের যন্ত্রপাতিতে গোলমাল ছিল। দেখতে ভালো লাগলেও ভেতরে বাসা বাঁধছিল অসুখ। এই ভাসা ভাসা উপস্থিতি দেখে কিছুই বোঝা যায় না আসলে। দেখতে কেমন লাগছে আর ভেতর থেকে তিনি কেমন আছেন, তার মধ্যে পার্থক্য রয়েছে।'

রামদেবের এই বক্তব্যকে ঘিরে সামাজিক মাধ্যমে তীব্র সমালোচনা শুরু হয়। অনেকেই এই মন্তব্যকে 'সংবেদনশীলতার অভাব' হিসেবে দেখছেন। তবে কেউ কেউ মনে করছেন, রামদেব আসলে বোঝাতে চেয়েছেন, বাইরের সৌন্দর্য দিয়ে কখনোই ভেতরের স্বাস্থ্যের অবস্থা নির্ধারণ করা যায় না।

# ক্লাব বিশ্বকাপের সেরা একাদশ ঘোষণা

**স্টাফ রিপোর্টার, রোজদিন**

নতুন ফরম্যাটে আয়োজিত ক্লাব বিশ্বকাপে চ্যাম্পিয়ন হয়েছে ইংলিশ জায়ান্ট চেলসি। যুক্তরাষ্ট্রের নিউ জার্সির মেটলাইফ স্টেডিয়ামে অনুষ্ঠিত রবিবারের (১৩ জুলাই) ফাইনালে ফরাসি ক্লাব প্যারিস সেন্ট জার্মেইনকে (পিএসজি) ৩-০ গোলে উড়িয়ে দিয়ে শিরোপা ঘরে তোলে ব্লুজরা। ফাইনালের পর ফিফা প্রকাশ করেছে টুর্নামেন্টের সেরা একাদশ। যেখানে প্রাধান্য পেয়েছেন ফাইনালে ওঠা দুই দলের খেলোয়াড়রা।



তবে ব্রাজিলিয়ান ক্লাব ফ্লুমিনেন্স, পালমেইরাস ও সৌদি আরবের ক্লাব আল হিলালও এবারের আসরে নজর কাড়ে পারফরম্যান্স দিয়ে। ফ্লুমিনেন্স জায়গা করে নেয় সেমিফাইনালে, যেখানে তারা চেলসির কাছে হেরে বিদায় নেয়। পালমেইরাস ও আল হিলাল কোয়ার্টার ফাইনাল থেকে বিদায় নেয় যথাক্রমে চেলসি ও ফ্লুমিনেন্সের বিপক্ষে হেরে।

নকআউট পর্বে শক্ত প্রতিদ্বন্দ্বিতা গড়ে তোলায় এসব ক্লাবের কয়েকজন খেলোয়াড় জায়গা পেয়েছেন সেরা একাদশে।

বিশেষ করে আলো কেড়েছেন ফ্লুমিনেন্সের তরুণ ফরোয়ার্ড হারকিউলিস, যিনি বদলি হিসেবে নেমে দুই নকআউট ম্যাচেই গোল করেন। অভিজ্ঞ ডিফেন্ডার থিয়াগো সিলভাও তার দলকে সেমিফাইনালে তুলতে রাখেন বড় ভূমিকা। এদিকে চেলসির মিডফিল্ডার কোল পালমার ও এনজো ফার্নান্দেজ ছিলেন দুর্দান্ত ফর্মে, যার ফল মিলেছে একাদশেও।

পিএসজি থেকে সেরা একাদশে আছেন ডিফেন্ডার মার্কিনিয়োস, রাইট ব্যাক আশরাফ হাকিমি ও মিডফিল্ডার ভিতিনহা।

গোলরক্ষকের পজিশনে রাখা হয়েছে সৌদি ক্লাব আল হিলালের ইয়াসিন বুনোকে, যিনি দুর্দান্ত সব সেভ করে নজর কাড়েন।

ফিফা ঘোষিত ক্লাব বিশ্বকাপ ২০২৫-এর সেরা একাদশ: ইয়াসিন বুনো (গোলরক্ষক, আল হিলাল), মার্কিনিয়োস (পিএসজি), থিয়াগো সিলভা (ফ্লুমিনেন্স), আশরাফ হাকিমি (পিএসজি), মার্ক কুকুরেলা (চেলসি), এনজো ফার্নান্দেজ (চেলসি), ভিতিনহা (পিএসজি), পেদ্রো নেতো (চেলসি), কোল পালমার (চেলসি), হারকিউলিস (ফ্লুমিনেন্স), এরিক গার্সিয়া (রিয়াল মাদ্রিদ)।

## টেস্ট চ্যাম্পিয়নশিপ ফাইনালে আলো ছড়িয়ে জুনের সেরা মার্করাম



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

অস্ট্রেলিয়ার বিপক্ষে দক্ষিণ আফ্রিকার ওয়ার্ল্ড টেস্ট চ্যাম্পিয়নশিপ জিততে মুখ্য ভূমিকা পালন করেছিলেন এইডেন মার্করাম। ২৭ বছরে প্রোটিয়াদের আইসিসির প্রথম ট্রফি জিততে অবদান রাখেন তিনি। এর স্বীকৃতি হিসেবে আইসিসির প্লেয়ার অব দ্য মান্থের পুরস্কার পেয়েছেন তিনি। জুন মাসের সেরার সংক্ষিপ্ত তালিকায় আরও ছিলেন শ্রীলঙ্কান পাথুম নিসাঙ্কা ও মার্করামের স্বদেশি কাগিসো রাবাদা।

টেস্ট চ্যাম্পিয়নশিপ ফাইনালে ব্যাট-বল দুই বিভাগেই গুরুত্বপূর্ণ অবদান ছিল মার্করামের। খণ্ডকালীন অফস্পিনে স্টিভেন স্মিথকে আউট করে গুরুত্বপূর্ণ জুটি ভেঙেছেন। তার পর ঝুলিতে তুলেছেন জশ হ্যাজলউডের উইকেট। মূলত দ্বিতীয় ইনিংসে ২৮২ রান তাড়া করতে নেমে ১৩৬ রানের অনবদ্য ইনিংস উপহার দেন মার্করাম। তার ব্যাটে ভর করেই লর্ডসে ৫ উইকেটের জয় পায় প্রোটিয়ারা।

জুন মাসের সেরা হয়ে নিজের প্রতিক্রিয়ায় মার্করাম বলেছেন, এই পুরস্কার পাওয়া একটি গর্বের বিষয়। আমাদের দল এবং দক্ষিণ আফ্রিকার জন্য আইসিসি ওয়ার্ল্ড টেস্ট চ্যাম্পিয়নশিপ জয়ে অবদান রাখা আমার কাছে অনেক মূল্যবান।

টেস্ট চ্যাম্পিয়নশিপ জয়কে দক্ষিণ আফ্রিকার জন্য ঐতিহাসিক মুহূর্ত উল্লেখ করে মার্করাম আরও বলেছেন, লর্ডসে ফাইনাল জয় দক্ষিণ আফ্রিকার ক্রিকেটের জন্য একটি ঐতিহাসিক মুহূর্ত। এটা আমরা সবাই আজীবন মনে রাখব। এই জয় পুরো দলের সম্মিলিত প্রচেষ্টাতে সম্ভব হয়েছে, যেখানে কেজি (কাগিসো রাবাদা) এবং টেম্বসের (টেম্বা বাভুমা) গুরুত্বপূর্ণ অবদান ছিল।

## পিএসজিকে গুঁড়িয়ে ক্লাব বিশ্বকাপ ফাইনালে চেলসি রূপকথা

**স্টাফ রিপোর্টার, রোজদিন**

প্রতিপক্ষকে অসহায় করে দিয়ে ফিফা ক্লাব বিশ্বকাপের শিরোপা জিতল ইংলিশ ক্লাব চেলসি। লিখল এক নতুন রূপকথা।

কোল পালমার জোড়া গোল আর অ্যাসিস্টে ইউরোপ চ্যাম্পিয়ন পিএসজিকে রীতিমতো গুঁড়িয়ে দিয়েছে ইংলিশ প্রিমিয়ার লিগের ক্লাবটি।

যুক্তরাষ্ট্রের নিউ জার্সির মেটলাইফ স্টেডিয়ামে ৮২ হাজারের বেশি দর্শক হাজির ছিলেন। তাদের সামনেই ফাইনালে ৩-০ গোলে জয়ের রূপকথা লিখল চেলসি।

তবে কেবল পালমার নন আরও একজন নেপথ্য নায়ক আছেন চেলসির। তিনি হলেন গোলকিপার রবের্ত সানচেস। পিএসজির বেশ কয়েকটি সম্ভাবনাময় শট ঠেকিয়ে দিয়েছেন তিনি। সানচেস রুখে না দাঁড়ালে পিএসজি দু-একটা গোল পেতেও পারতো।

চেলসির শুরুটা ছিলো আক্রমণাত্মক। প্রথমার্ধেই তাই তিন গোল হজম করতে হয় পিএসজিকে। শুরুতেই



ছন্নছাড়া হয়ে পড়া ফরাসি দলটির শেষ পর্যন্ত আর ঘুরে দাঁড়ানো হয়নি।

পালমার চেলসির হয়ে প্রথম গোলটি করেন ম্যাচের ২২ মিনিটে। পরের গোলটিও করেন তিনিই, ম্যাচের ৩০তম মিনিটে। পরের গোলটিতেও পালমারের অবদান আছে, তবে গোলটি এসেছে জোয়াও পেদ্রোর সরাসরি স্পর্শ থেকে ৪৩তম মিনিটে।

খেই হারানো পিএসজি শেষে হয় আরও ছন্নছাড়া। নির্ধারিত সময়ের পাঁচ মিনিট বাকি থাকতেই ১০ জনের দলে পরিণত হয় ফরাসি ক্লাবটি। পেছন থেকে কুকুরেইয়ার চুল টেনে ধরায় ভিএআরের সাহায্যে পিএসজি মিডফিল্ডার জোয়াও নেভেসকে লাল কার্ড দেখান রেফারি।

● স্বত্বাধিকারী, প্রকাশক এবং মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ এবং ১৯ডি, জামির লেন, কলকাতা-৭০০০১৯ থেকে ডিজিটাল মুদ্রিত ● সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৮৩৮২০৩১
● Printed, Published and Owned by MRITYUNJOY SARDAR ● Printed by Queen Press - Hedia, P.O . : Uttar Moukhali, P.S. : Jibantala, Dist. : South 24 Parganas, Pin : 743329
and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 & 19D, Jamir Lane, Kolkata -700 019 ● Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR